

ই-মেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
সমন্বয়-২ শাখা  
[www.powerdivision.gov.bd](http://www.powerdivision.gov.bd)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: ৩৪১৬
তারিখ: ০৭ MAR ২০২৬
অতি: সচিব (প্র./অ./উ./প./স./কো.)
যুগ্মসচিব/উপসচিব/সি.স.স.....
পি.সে

স্মারক নং : ২৭.০০.০০০০.০০০.০৫২.০৭.০০০১.২২.১৭৬

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২  
০৮ মার্চ ২০২৬/১  
সচিব

বিষয় : সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন অনুসরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবিলায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে “সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন” অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

প্রশাসন অনুবিভাগ
যুগ্মসচিব (প্রশাসন-১/২/বাজেট)
উপ/সি.সহ সচিব.....
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরি নং: ৩৭৩
তারিখ: ০৭/০৩/২৬
অতিরিক্ত সচিব (প্রশাসন)

মো: মামুন ভূইয়া  
উপসচিব  
ফোন : ০২-৪৭১২০৩০৮  
ইমেইল : coord-2@pd.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)  
মন্ত্রণালয়/বিভাগ

কার্যার্থে বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

- ১। অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ;
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য) এবং
- ৪। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

যুগ্মসচিব (প্রশাসন ১ ও ২ অধিশাখা)
ডায়েরী নং: ৩৫২
তারিখ: ০৫-৩-২৬
উপসচিব/সি.স.স
প্রশাসন (১/২/৩/৪) শাখা
ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব

প্রশাসন-১ শাখা
ডায়েরী নং: ৪৫০
তারিখ: ০৭/০৩/২৬
প্রশাসনিক কর্মকর্তা (প্র: ক: ০, ২)
উপসচিব/সি.স.স



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
[www.powerdivision.gov.bd](http://www.powerdivision.gov.bd)

## “বিদ্যুৎ সাশ্রয়ের অঙ্গীকার, আলোকিত হোক সকল পরিবার”

সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
১	লাইটিং	ক) জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা, যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকতর জ্বালানি সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা।
		খ) লাইটিং সিস্টেমে Fixture/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়।
		গ) কমন স্পেস যেমন: সিড়ি/ওয়াশ রুম/ ওয়েটিং রুম/ করিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপ্রয়োজনীয় ব্যবহার রোধ করা যায়।
		ঘ) Bangladesh National Building Code (BNBC) এ উল্লিখিত কার্যক্রমভিত্তিক নির্ধারিত মাত্রার উজ্জ্বলতা (LUX Level) বজায় রাখা।
		ঙ) বৈদ্যুতিক বাব্বের উপরিভাগে খুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাব্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখা।
		চ) অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) সিস্টেম ব্যবহার করা।
		ছ) দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
		জ) কাজের ধরণ বিবেচনায় প্রযোজ্য লাইটিং লোড নির্বাচন করা।
২	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	ক) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature, ২৫°C বা এর উপরে রাখা।
		খ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা।
		গ) তাপপ্রবাহ রোধে জানালায় Double Glazed/ Low Emission Glass/ পর্দা ব্যবহার করা।
		ঘ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা।
		ঙ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।

অ: প: দ:

ক্রমিক নং	বিদ্যুৎ/জালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ	
		চ)	পাইপলাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা।
		ছ)	উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (COP) এর জালানি দক্ষ Inverter Technology সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার করা। পর্যায়ক্রমে অকেজো ঘোষিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিপরীতে ও নতুন ক্রয়ের ক্ষেত্রে উচ্চতর EER/COP সমৃদ্ধ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা যেতে পারে।
		জ)	অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা।
৩.	রেফ্রিজারেটর		জালানি দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা।
৪	ফ্যান	ক)	বাজারে প্রাপ্যতা সাপেক্ষে জালানি সাশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ভ্যালুর (m <sup>3</sup> /min/W) ফ্যান ব্যবহার করা।
		খ)	অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা।
৫	প্লাগ লোড	ক)	Idle অবস্থায় ডেস্কটপ কম্পিউটার/ ল্যাপটপ সমূহ Power Saving Mode এ রাখা।
		খ)	ডেস্ক ভিত্তিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং স্ক্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে স্বল্প সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা।
		গ)	ব্যক্তি পর্যায়ে মাইক্রোওয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গুপতিভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা।
		ঘ)	অপ্রয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা।
৬	নবায়নযোগ্য জালানির ব্যবহার		জালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদার সম্পূর্ণ/আংশিক (BNBC অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩%) সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের রুফটপে অথবা অফিস প্রাঙ্গণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জালানির উৎস (যেমন: সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে স্রেডা কর্তৃক প্রণীত নেট মিটারিং গাইডলাইন অনুসরণ করা যেতে পারে।
৭	অন্যান্য		ভবনে বিদ্যুৎ ও জালানির ব্যবহার সর্বদা তদারকির জন্য IoT Based Building Energy Management System (BEMS) চালুকরণে উৎসাহ প্রদান।

বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে  
দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।

